গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.meherpur.gov.bd

নম্বর : ০৫.৪৪.৫৭০০.০১২.১৮.০০৬.১৬-১০৯৪

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩১
২৮ নভেম্বর ২০২৪

"গণবিজ্ঞপ্তি"

এতদ্বারা মেহেরপুর জেলাধীন সকল বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণকে জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের রাজনৈতিক শাখা-৪ হতে গত ২৪ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১.৪২৮ নং স্মারকে জারীকৃত স্মারকপত্রের নির্দেশনা এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক ০৩-০৮-২০১৬ খ্রিষ্টাব্দ তারিখ ৪৪,০০,০০০০.০৭৭.৩৯.০০১.১৫.৮২৬ নং স্মারকে জারীকৃত আগ্নেয়াস্ত্র লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬ এর ৩১ (ক) ধারা অনুযায়ী মেহেরপুর জেলা ম্যাজিস্ট্রেসি হতে বিগত ২০০৯ সালের ০৬ জানুয়ারির পূর্বে ইস্যুকৃত এবং গত ০৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখের নির্ধারিত সময়ে মধ্যে থানায় জমা প্রদানকৃত আগ্নেয়াস্ত্রের লাইসেন্স গ্রহীতাগণের আবেদনসমূহ বৈধ আগ্নেয়াস্ত্র ফেরত প্রদান সংক্রান্ত গঠিত কমিটির সুপারিশের ভিত্তিতে আগ্নেয়াস্ত্র লাইসেন্সসমূহ (বন্দুক/শটগান/রাইফেল/পিস্তল/রিভলবার) ২০২৫ সনের জন্য নবায়ন করা হবে। উক্ত নবায়ন কার্য সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটকে ক্ষমতা অর্পণ করা হলো।

এখানে উল্লেখ্য যে, বিগত ২০০৯ সালের ০৬ জানুয়ারি হতে ২০২৪ সালের ০৫ আগস্ট পর্যন্ত ব্যক্তিগত নিরাপত্তার জন্য প্রদত্ত সকল আগ্নেয়াস্ত্রের লাইসেন্স (কর্মরত সামরিক-অসামরিক কর্মকর্তা ব্যতীত) স্থগিত করা হয় এবং স্থগিতকৃত লাইসেন্সভুক্ত আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদসমূহ ০৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে লাইসেন্স গ্রহীতার স্থায়ী ঠিকানার থানায় অথবা বর্তমান বসবাসের ঠিকানার নিকটস্থ থানায় লাইসেন্স গ্রহীতা নিজে বা মনোনীত প্রতিনিধির মাধ্যমে জমা প্রদান করতে বলা হয়। তৎপ্রেক্ষিতে যে সকল লাইসেন্স গ্রহীতা নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্সভুক্ত অস্ত্র ও গোলাবারুদ থানায় জমা প্রদান করেছেন তারা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের রাজনৈতিক শাখা-৪ হতে গত ২৮ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১. ৩৮৬ নং স্মারকে জমাকৃত বৈধ আগ্নেয়াস্ত্র ফেরত প্রদান সংক্রান্ত গঠিত কমিটির নিকট আবেদন দাখিল করবে। কমিটি দাখিলকৃত আবেদন যাচাই-বাছাই পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নের সময়সূচি ও নবায়নকারী কর্মকর্তার নাম ও পদবি

তারিখ ও সময়	নবায়নকারী কর্মকর্তার নাম ও পদবি	লাইসেন্সের ধরণ	নবায়ন ফিস	১৫% ভ্যাট	১০% উৎস কর
০১.১২.২০২৪ হতে ৩১.১২.২০২৪ পর্যন্ত অফিস চলাকালীন সময় (সরকারি ছুটির দিন ব্যতীত)	জনাব মোঃ রনি আলম নূর বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মেহেরপুর	ব্রীচ লোডিং পিস্তল/ রিভলবার	১০,০০০/-টাকা	১,৫০০/- টাকা	১,০০০/- টাকা
		২২ রাইফেল	৫,০০০/-টাকা	৭৫০/- টাকা	৫০০/- টাকা
	জনাব নাদির হোসেন শামীম সিনিয়র সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মেহেরপুর	ব্রীচ লোডিং বন্দুক/ শটগান	৫,০০০/-টাকা	৭৫০/- টাকা	৫০০/- টাকা

নবায়নকারী কর্মকর্তাদ্বয়ের অনুপস্থিতকালীন (ছুটিকালীন) সংশ্লিষ্ট কর্মকর্তাদ্বয়ের প্রতিভূ কর্মকর্তা বর্ণিত দায়িত্ব পালন করবেন।

শর্তাবলী

০১. আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন ফিস বাবদ নির্ধারিত টাকা ১-২২১১-০০০০-১৮৫৯ নম্বর কোডে, নবায়ন ফিসের ১৫% ভ্যাট বাবদ নির্ধারিত টাকা ১-১১৩৩-০০০৫-০৩১১ নম্বর কোডে এবং নবায়ন ফিসের ১০% হারে উৎসে কর বাবদ ১-১১৪১-০০৩৫-০১১১ (ব্যক্তি) ও ১-১১৪১-০০৩৫-০১০১ (প্রতিষ্ঠান) খাতে ট্রেজারি চালানের মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা প্রদানপূর্বক চালানের মূলকপি নবায়নের আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে;

০২. নির্ধারিত তারিখ, স্থান ও সময়ে ক্ষমতাপ্রাপ্ত আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নকারী কর্মকর্তার সম্মুখে মূল আগ্নেয়াস্ত্র লাইসেন্সসহ লাইসেন্সভুক্ত আগ্নেয়াস্ত্র ও কার্তুজ উপস্থাপন করতে হবে;

০৩. আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণের আগ্নেয়াস্ত্র লাইসেন্সভুক্ত আগ্নেয়াস্ত্র নিকটস্থ থানায় বা সেফ কিপিং লাইসেন্সধারী প্রতিষ্ঠানে জমা থাকলে সংশ্লিষ্ট জমা প্রদান রশিদ বা আগ্নেয়াস্ত্র জমা প্রদান সংক্রান্ত হালনাগাদ তথ্যসহ প্রমাণক (জিডি ও প্রত্যয়নপত্র) আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নকালে প্রদর্শন করতে হবে;

০৪. আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারী মুক্তিযোদ্ধা হলে মুক্তিযোদ্ধা সার্টিফিকেট ও গেজেট প্রদর্শন করতে হবে;

০৫. সশস্ত্র বাহিনী, বিজিবি ও পুলিশ বাহিনীর সদস্যগণের আগ্নেয়াস্ত্র লাইসেন্সভুক্ত আগ্নেয়াস্ত্র যদি নিজ দপ্তর বা অন্য কোন স্থানে জমা থাকে, তাহলে আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নের সময় উক্ত জমা সংক্রান্ত হালনাগাদ প্রত্যয়নপত্র প্রদর্শন করতে হবে;

চলমান পাতা নম্বর-০২

০৬. আগ্নেয়াস্ত্র লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬ এর ৩১ (গ) ধারা অনুযায়ী মেহেরপুর জেলা ম্যাজিস্ট্রেসি হতে ইস্যুকৃত আগ্নেয়াস্ত্র নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্স নবায়নে ব্যর্থ হলে জেলা ম্যাজিস্ট্রেটের নিকট নবায়ন না করার সন্তোষজনক ব্যাখ্যাসহ আবেদন করতে হবে;

০৭. আগ্নেয়াস্ত্র লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬ এর ৩১ (ঘ) ধারা অনুযায়ী জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক ব্যাখ্যার জবাব সন্তোষজনক বিবেচিত হলে পূর্ণ লাইসেন্স ইস্যু ফি এর সমপরিমাণ অর্থ আদায়পূর্বক আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন প্রদান করা হবে;

০৮. সিনিয়র সহকারী কমিশনার, জুডিশিয়াল মুন্সিখানা শাখা, মেহেরপুর জরুরি প্রয়োজনে ২০২৫ সনের নবায়নের জন্য বর্ণিত নির্ধারিত তারিখের পূর্বে অফিস চলাকালীন সময়ে আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করতে পারবেন।

০৯. বিগত ২০০৯ সালের ০৬ জানুয়ারির পূর্বে ইস্যুকৃত এবং গত ০৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখের নির্ধারিত সময়ে মধ্যে থানায় জমা প্রদানকৃত আগ্নেয়াস্ত্রের লাইসেন্স গ্রহীতাগণের আবেদনসমূহ বৈধ আগ্নেয়াস্ত্র ফেরত প্রদান সংক্রান্ত গঠিত কমিটির সুপারিশের ভিত্তিতে আগ্নেয়াস্ত্র লাইসেন্সসমূহ (বন্দুক/শটগান/রাইফেল/পিস্তল/রিভলবার) ২০২৫ সনের জন্য ক্ষমতা অর্পণকৃত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নবায়ন করতে পারবেন।

২৮/১১/২০২৪

(সিফাত মেহনাজ)
জেলা ম্যাজিস্ট্রেট
মেহেরপুর
০২৪৭৭৭-৯২৩০১ (অফিস)
e-mail: dcmeherpur@mopa.gov.bd

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৩. বিভাগীয় কমিশনার ----------------------বিভাগ (সকল)

অনুলিপি অবগতি ও কার্যার্থে:

০১. জেলা ম্যাজিস্ট্রেট,------------------ (মেহেরপুর জেলা ব্যতীত সকল)

০২. পুলিশ সুপার, মেহেরপুর

০৩. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজস্ট্রেট, মেহেরপুর

০৪. উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর/গাংনী/মুজিবনগর, মেহেরপুর (তাঁকে বিষয়টি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)

০৫. সহকারী কমিশনার (ভূমি), মেহেরপুর সদর/গাংনী/মুজিবনগর, মেহেরপুর (তাঁকে বিষয়টি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)

০৬. জনাব-------------------------------, সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার, মেহেরপুর কালেক্টরেট, মেহেরপুর

০৭. জেলা তথ্য অফিসার, মেহেরপুর (তাঁকে জেলা ও উপজেলা পর্যায়ে বর্ণিত বিষয়টি ব্যাপকভাবে মাইকযোগে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

০৮. অফিসার-ইন-চার্জ, মেহেরপুর সদর/গাংনী/মুজিবনগর থানা, মেহেরপুর (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)

০৯. সহকারী মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক----------------------ব্যাংক লিমিটেড, মেহেরপুর, (তাঁর আওতাধীন ব্যাংকের সকল প্রতিষ্ঠানকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)

১০. সভাপতি/সাধারণ সম্পাদক, মেহেরপুর প্রেস ক্লাব/মেহেরপুর জেলা প্রেস ক্লাব/রিপোর্টার্স ক্লাব, মেহেরপুর (তাঁকে বিষয়টি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)

১১. ....

১২. অফিস কপি।

২৮/১১/২৪

(মোঃ রনি আলম নূর)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
মেহেরপুর